



কৃষি বিশ্ববিদ্যালয়ে বোমাবাজি ভাংচুর

বাকুবি প্রতিদিন

ডেটেবিলারি : অনুষদের নতুন কোর্স

কারিকুলামে পতপালন অনুষদের প্রধান প্রধান

কৃষি : পৃষ্ঠা : ১০ কলাম : ৭

একটি লেখকসমূহের

কৃষি : বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

বিষয়গুলো অন্তর্ভুক্ত করার উদ্যোগের প্রতিবাদে পতপালন অনুষদীয় ছাত্রছাত্রীরা ফুসে উঠেছে। বুধবার ক্যাম্পাসে এ নিয়ে ব্যাপক বিক্ষোভ, ভাংচুর, বোমাবাজি ও ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। ক্যাম্পাসে ব্যাপক দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে। আজ বুধসপ্তিমবার ওই অনুষদের ছাত্রছাত্রীরা ক্লাস পরীক্ষা বন্ধ করে শিলাচাঁর জরনুল আবেদিন মিলনায়তনে অনুষ্ঠিতব্য একাডেমিক কাউন্সিলের বৈঠককে ঘিরে অবস্থান ধর্মঘট করবে।

গতকাল সন্ধ্যায় পতপালনের শিক্ষার্থীরা একটি বিরাট মশাল মিছিল বের করে গোটা ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এ সময় মুনু ভাংচুর ও বোমাবাজির শব্দ শোনা যায়। এর আগে দুপুরে ওই অনুষদের ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল বের করলে কে বা কায় মিছিলের ওপর ইটপাটকেল নিক্ষেপ করলে উত্তেজনা দেখা দেয়। এ সময় ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে।

সন্ধ্যায় মশাল মিছিল শেষে এক সমাবেশে বক্তারা বলেন, এই বিশ্ববিদ্যালয়ে পতপালন অনুষদ নামে একটি স্বয়ংসম্পূর্ণ অনুষদ থাকে। সত্ত্বেও এই অনুষদের বিষয়গুলো অন্য একটি অনুষদের কোর্স কারিকুলামে অন্তর্ভুক্তি পতপালন অনুষদের অস্তিত্বের প্রতি হুমকিরূপে। এ ধরনের কোন সিদ্ধান্ত গ্রহণ করা হলে বিশ্ববিদ্যালয় অচল করে দেয়া হবে। সমাবেশে বক্তরা রাখেন অনুষদীয় ভিপি আবদুল লতিফ শেখ, জিএস রকিবুল হাসান, জামালউদ্দিন হাসান, আনহার, চমক, আঁধি আরা প্রমুখ।

দুপুরে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা এই উদ্যোগ প্রত্যাহারের দাবিতে উপাচার্য প্রফেসর ম. মুক্তাফিজুর রহমানের কাছে স্মারকপিপি প্রদান করে। উপাচার্য এই বিষয়টি বিবেচনা করবেন বলে শিক্ষার্থীদের আশ্বাস দেন।

এই রিপোর্ট লেখা পর্যন্ত পতপালন অনুষদের ছাত্রছাত্রীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল।